# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা

ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭


তারিখ ঃ ২৬/০৭/২০২৫ইং

## নির্বাচন বোর্ড

### কার্যনির্বাহী কমিটির নির্বাচন- ২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭

### নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতির ২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭ (২ বৎসর) মেয়াদী কার্যনির্বাহী কমিটির নির্বাচন উপলক্ষে উক্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো ঃ

১. বাণিজ্য সংগঠন আইন২০২২ ও বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ এবং সমিতির গঠনতন্ত্র (প্রযোজ্য ক্ষেত্রে) অনুযায়ী নির্বাচনের ১২০তম দিনের পূর্বে যারা সদস্য হয়েছেন এবং নির্বাচনের ৬০তম দিনের পূর্বে বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতির বার্ষিক চাঁদাসহ সকল বকেয়া পরিশোধ করেছেন শুধুমাত্র তাদের নামই ভোটার তালিকায় অন্তর্ভূক্ত করা হবে। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত যে কোন ব্যক্তি কার্যনির্বাহী কমিটির নির্বাচনে অংশ গ্রহন করতে পারবেন।

২. লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে পরিচালনা পরিষদ কর্তৃক মনোনীত একজন শেয়ার হোল্ডার পরিচালক, অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে একাধিক মালিক এর মধ্য থেকে মনোনিত যে কোন একজন অংশীদার এবং ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারী ভোটার হিসেবে ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হবেন। চুড়ান্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্ত নেই এইরূপ কোন ব্যক্তি নির্বাচনে প্রার্থী, প্রস্তাবকারী অথবা সমর্থনকারী হতে পারবেন না।

৩. বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতির গঠনতন্ত্র অনুযায়ী ২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭ (২ বৎসর) মেয়াদী কার্যনির্বাহী কমিটির ১৫ (পনের) টি পদের জন্য আগামী ১৬ অক্টোবর ২০২৫ইং তারিখে নির্বাচন অনুষ্ঠিত হবে।

৪. সমিতির সকলস্তরের সদস্যদের ভোটে কার্যনির্বাহী কমিটির ১ (এক) জন সভাপতি, ৩ (তিন) জন সহ-সভাপতি, ১ (এক) জন সাধারণ সম্পাদক, ১ (এক) জন সহ-সাধারণ সম্পাদক, ১ (এক) জন কোষাধ্যক্ষ এবং ৮ (আট) জন কার্যনির্বাহী সদস্য নির্বাচিত হবেন।

৫. সাধারণ ও সহযোগী সদস্যগণ ১৫ (পনের) টি কার্যনির্বাহী কমিটির কর্মকর্তা পদের জন্য অবশ্যই ১৫ (পনের) টি ভোট ব্যালট পেপারের নির্ধারিত ঘরে ক্রস চিহ্নের ☒ মাধ্যমে প্রদান করবেন, ১৫টির কম বা বেশী হলে অথবা অনির্ধারিত স্থানে বা অন্য কোন চিহ্ন দিলে প্রদত্ত ভোট বাতিল বলে গণ্য হবে।

৬. ৩০০/- (তিনশত) টাকা পরিশোধ সাপেক্ষে একটি ভোটার তালিকা সমিতির অফিস থেকে সংগ্রহ করা যাবে।

৭. কার্যনির্বাহী কমিটির সভাপতি পদের জন্য ৩,০০০/- (তিন হাজার), সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, সহ-সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ প্রত্যেক প্রার্থীকে ২,০০০/- (দুই হাজার) এবং প্রত্যেক সদস্য পদের প্রার্থীকে অফেরৎযোগ্য ১,০০০/- (এক হাজার) টাকা প্রদান সাপেক্ষে স্ব-স্ব নামে মনোনয়ন পত্র সংগ্রহ করতে হবে। মনোনয়নপত্র যথাযথভাবে পূরণ করে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

৮. নির্বাচন বোর্ড প্রয়োজন বোধে প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের পরিচিতি সভার আয়োজন করবে। তবে ঐ সভার যাবতীয় ব্যয় প্রতিদ্বন্দ্বি প্রার্থীগণ সমহারে বহন করবেন।

৯. নির্বাচন ফলাফল সম্পর্কে কোন প্রার্থী আপীল বোর্ডে আপত্তি দাখিল করতে চাইলে ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যাংক ড্রাফট/নগদ আকারে জমাদান পূর্বক তফশীলে নির্ধারিত সময় অনুযায়ী আপীল দায়ের করতে পারবে।

১০. মনোনয়নপত্রে প্রস্তাবক, সমর্থককে অবশ্যই বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতির ভোটার হতে হবে। মনোনয়নপত্রে কোন প্রকার কাটা-ছেঁড়া, ওভাররাইটিং বা ফ্লুইড ব্যবহার করা হলে মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

১১. নির্বাচন তফসিল দৈনিক আজকের আওয়াজ পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রচার করা হলো।

১২. অত্র বিজ্ঞপ্তির সঙ্গে নির্বাচন তফসিল ও নির্বাচন আচরণ বিধি সমিতির ওয়েব সাইট এবং সদস্যদের ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হলো।

১৩. নির্বাচন সংক্রান্ত যাবতীয় বিজ্ঞপ্তি বা নোটিশ বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতির কার্যালয়ে রক্ষিত নোটিশ বোর্ডে টাঙ্গানো হবে।

| | | |
|---|---|---|
| (মোঃ ওয়াহিদুর রহমান টিপু) | (জুলকার শাহীন) | (এডভোকেট ফরহাদ আহমেদ) |
| সদস্য, নির্বাচন বোর্ড | সদস্য, নির্বাচন বোর্ড | চেয়ারম্যান, নির্বাচন বোর্ড |
| বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি | বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি | বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি |